

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ জ্যৈষ্ঠ ১৪১৩/৩১ মে ২০০৬

এস. আর. ও নং ১০২-আইন/২০০৬।—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫৬-আইন/২০০৬, তারিখ ২০ চৈত্র, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৩রা মার্চ, ২০০৬ খ্রিস্টাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য রাজশাহী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু The Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৮ জ্যৈষ্ঠ, ১৪১৩

(২৪২১)

মূল্য : টাকা ২.০০

বঙ্গাব্দ মোতাবেক ১লা জুন, ২০০৬ খ্রিস্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি আড়ানী মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
১।	আড়ানী	আড়ানী	১১৯	সম্পূর্ণ
২।	আড়ানী	কুশাবাড়ী	১২০	সম্পূর্ণ
৩।	আড়ানী	গোচর	১২১	সম্পূর্ণ
৪।	আড়ানী	হামিদকুড়া	১২২	সম্পূর্ণ
৫।	আড়ানী	চকসিঙ্গা	৯৬	সম্পূর্ণ
৬।	আড়ানী	ভারতী পাড়া	৯৭	সম্পূর্ণ
৭।	আড়ানী	নূর নগর	১২৩	১-৭০, ২৩১-২৯৬, ৫০৪
৮।	আড়ানী	পাঁচ পাড়া	১১৭	১-৪৬৮
৯।	আড়ানী	সোনাদহ	১১৬	১৯৯-২৫৬

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আজিজুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।